# ঝিনাইদহে প্রতারণার অভিযোগে সাবেক ছাত্রশিবির নেতা আটক



সংগৃহীত ছবি

ঝিনাইদহের কোটচাঁদপুরে প্রতারণার অভিযোগে পুলিশের হাতে ধরা পড়েছেন সাবেক ছাত্রশিবিরের এক নেতা। শিশির আহমদ নামে তিনি বুধবার (১২ নভেম্বর) দুপুরে উপজেলা শহরের সন্দুল সরদার মিউনিসিপ্যাল স্কুল অ্যান্ড কলেজ থেকে গ্রেপ্তার হন।

গ্রেপ্তার শিশির আহমদ বলুহর গ্রামের সন্দুল সরকারের ছেলে এবং ওই এলাকার সাবেক ইউনিয়ন ছাত্রশিবির সভাপতি ছিলেন।

পুলিশ ও অভিযোগ সূত্রে জানা গেছে, শিশির আহমদ স্কুলে চাকরির প্রলোভন দেখিয়ে কয়েকজনের কাছ থেকে অর্থ নিয়েছিলেন। চাকরি না পাওয়ায় ভুক্তভোগীরা আদালতের দ্বারস্থ হন। কোটচাঁদপুর মডেল থানার ওসি কবির হোসেন মাতুব্বর জানান, “আদালতের গ্রেপ্তারি পরোয়ানার ভিত্তিতে গোপন তথ্য পেয়ে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়েছে।”

পরবর্তীতে গ্রেফতার শিশিরকে আদালতে সোর্পদ করা হয়েছে।

LENS ASIA